**ইউনিট-বি**
**বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

মেমো নং-৫৯৬/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৪-২৫/৩৪ তারিখ ঃ ০১/০৭/২০২৫

# নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বাণিজ্য ও অ-বাণিজ্য গ্রুপের পরীক্ষার্থীদের তৃতীয় মেধা তালিকার ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য থাকায় অপেক্ষামান তালিকা থেকে মেধাক্রম অনুসারে বিভাগের শূন্য আসনের বিপরীতে ভর্তির জন্য **চতুর্থ মেধা** তালিকা, **তৃতীয় মাইগ্রেশন** ও চতুর্থ অপেক্ষামান তালিকা প্রকাশ করা হলো।

**চতুর্থ মেধা তালিকায় নির্বাচিতদের সাক্ষাৎকার ২ ও ৩ জুলাই, ২০২৫ তারিখ সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ও ভর্তি কার্যক্রম সকাল ১০টা থেকে অফিস চলাকালীন সময় পর্যন্ত চলবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের উক্ত তারিখে সকাল ৯:৩০ টায় ডীনস কমপ্লেক্স ভবনের ৩য় তলায় (৩১৮ নং কক্ষ) উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের নির্ধারিত স্থান সম্পর্কে অবহিত হতে হবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অবশ্যই ২ ও ৩ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে ভর্তির সকল কার্যক্রম শেষ করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।** আসন ফাঁকা থাকা সাপেক্ষে মেধাক্রম অনুসারে পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (http://admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

সাক্ষাৎকারে অংশগ্রহণ করার পর নির্বাচিত ছাত্র/ছাত্রীদের **২ ও ৩ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে** অনলাইনে (http://admission.ru.ac.bd) ভর্তি ফরম পূরণ করার পর ৩ (তিন) কপি প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে (ডীনস্ কমপ্লেক্স, তৃতীয় তলা, রুম নং ৩১৪) এসে ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**কোন ভর্তিচ্ছু যদি ভর্তিকৃত বিভাগেই থাকতে চান বা Automigration এর সুযোগ নিতে না চান, তাহলে তাকে অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে ৩ জুলাই, ২০২৫ তারিখ বিকাল ৪:০০ (চার) টার মধ্যে অটো-মাইগ্রেশন (Stop automigration) বন্ধ করতে হবে। যে সকল ছাত্র/ছাত্রী ১ম চয়েসের বিভাগ পেয়েছে তাদের Stop automigration করার প্রয়োজন নেই। উল্লেখ্য যে, যদি কোন ছাত্র/ছাত্রী তাদের প্রদত্ত পছন্দক্রম হতে উপরের কোন বিষয় বাতিল করতে চায় তাহলে** (Opt Out) **অপশনে গিয়ে তা করার সুযোগ রয়েছে।**

**ক্লাশ শুরুর তারিখঃ ০৩/০৮/২০২৫।**

**নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ**

১. ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (http://admission.ru.ac.bd) **সার্ভিস চার্জ বাদে** ৫,২০০.০০ (পাঁচ হাজার দুইশত) টাকা জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী (http://admission.ru.ac.bd এর মধ্যে online admission guideline) এ পাওয়া যাবে।

২. ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপর ভর্তিচ্ছুর নাম, পিতার নাম, রোল নং, মেধাক্রম, মোবাইল নং এবং জমাকৃত ডকুমেন্ট সমুহের তালিকা লিখে) অনুষদ অফিসে জমা দিতে হবে।

ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।
খ) এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কসশীট।
গ) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
গ) Online এ পূরণকৃত ভর্তি ফরম (৩ কপি) এর প্রিন্ট কপি।
ঘ) Subjet Choice Form.

**উল্লেখ্য যে, জমাকৃত কাগজপত্র এক বছর সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা রাখা হবে। সে কারণে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের মুল কাগজপত্রের একাধিক কপি ফটোকপি করে নিজের কাছে রাখার জন্য বলা হচ্ছে।**

**শর্তাবলীঃ**

ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।
খ) প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ (ইউনিট-বি) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**০১.০৭.২০২৫**
**(প্রফেসর ড. আবু সাদেক মো. কামরুজ্জামান)**
চীফ কো-অর্ডিনেটর (ইউনিট-বি)
বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা-২০২৪-২৫
ও
অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।